**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**19 AUGUST 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) আসাম সরকার রাজ্যে মহিলাদের উপর হওয়া নির্যাতনের ঘটনা রোধের জন্যে তাৎক্ষণিক সিদ্ধান্তের মাধ্যমে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করে আসছে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার প্রকাশ/

(২) শিক্ষার্থীদের সর্বাত্মক বিকাশ এবং প্রগতিতে আরোহণ প্রকল্প ইতিবাচক পরিবর্তন এনেছে বলে রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগুর মন্তব্য/

(৩) রাজ্যের গ্রামোন্নয়ন মন্ত্রী রঞ্জিত কুমার দাসের আজ হাইলাকান্দি জেলায় বেশকয়েকটি প্রকল্প পর্যবেক্ষণ/

এবং

(৪) সমগ্র দেশের সঙ্গে আসামেও আজ ভাই-বোনের পবিত্র বন্ধনের নিদর্শন রাখিবন্ধন উৎসব পালিত/ বরাক উপত্যকায় আজ রাখিবন্ধন এবং ঝুলন পূর্ণিমা উদযাপিত/

---------------------------------------------------------------------------------

আসাম সরকার রাজ্যের মহিলাদের ওপর হওয়া নির্যাতনের ঘটনা রোধে তাৎক্ষনিক সিদ্ধান্ত গ্রহণ করে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করেছে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্তবিশ্ব শর্মা জানান । তিনি বলেন যে বিরোধী পক্ষ সমালোচনা করলে ও সরকার এধরণের বহু

ক্ষেত্রে তাৎক্ষণিকভাবে ন্যায় প্রদানের ব্যবস্থা করেছে । সরকার ভবিষ্যতে ও এই ক্ষেত্রগুলিতে তৎকালীনভাবে ন্যায়ের ব্যবস্থা করবে বলে মুখ্যমন্ত্রী আশ্বাস প্রদান করেন ।

মুখ্যমন্ত্রী সাংবাদিকদের কাছে স্মার্ট মিটার বসানোর প্রসংগ উল্লেখ করে বলেন যে রাজ্যে স্মার্ট মিটার বসানোর ফলে বিদ্যুতের মাসুল বৃদ্ধি হয় বলে যে অভিযোগ রয়েছে তা সত্য নয়। অন্যদিকে এই মিটার বসানোর ফলে গ্রাহকরা মিতব্যয়ীভাবে বিদ্যুৎ ব্যবহার করার সুবিধা পাচ্ছেন বলে তিনি উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------------

এদিকে এ আই ইউ ডি এফ স্মার্ট মিটারের মাধ্যমে রাজ্য সরকার জনসাধারণকে লুণ্ঠন ও শাস্তি প্রদান করছে বলে অভিযোগ করেছে ।দলটি স্মার্ট মিটারের মাধ্যমে অত্যধিক বিদ্যুৎ মাশুল সংগ্রহ না করতে সরকারের প্রতি আহ্বান জানিয়েছে । এছাড়া দল স্মার্ট মিটার লাগাতে যাওয়া ঠিকাদারের বিদ্যুৎ বিভাগের নামে অশোভন আচরণ করার  বিরুদ্ধে যথাযত ব্যবস্থা গ্রহণ করতে আহ্বান জানিয়েছে ।

---------------------------------------------------------------------------------

পদ্ম পুরস্কারে সম্মানিত দেশের ৭০ জনেরও বেশি চিকিৎসক কোলকাতার আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালের আবাসিক চিকিৎসককে ধর্ষণ ও হতার ঘটনার সঙ্গে জড়িত মামলায় ব্যক্তিগতভাবে হস্তক্ষেপ করার আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কাছে চিঠি পাঠিয়েছেন । এই চিঠিতে চিকিৎসকরা উল্লেখ করেছেন যে- এধরণের অমানুষিক কার্যকলাপ চিকিৎসা সেবার ভিত নাড়িয়ে দেয় । তাঁরা একইসঙ্গে এধরণের দুষ্কর্ম, বিশেষ করে মহিলা, কিশোরী এবং স্বাস্থ্যকর্মীদের বিরুদ্ধে সংঘটিত অপরাধমূলক কার্যকলাপ নির্মূল করার তাৎক্ষণিক প্রয়োজনীয়তার উপরও আলোকপাত করেন । চিকিৎসকরা এধরণের ঘটনা যাতে পুনরায় সংঘটিত না হয়, সেজন্যে শক্তিশালী ব্যবস্থা গড়ে তোলার জন্যেও প্রধানমন্ত্রীর কাছে আহ্বান জানান । তাঁরা একইসঙ্গে আইন বলবৎকারী সংস্থা, নীতি নির্মাতাদের এবং সমাজকে এক্ষেত্রে তাৎক্ষণিকভাবে এবং নির্ণায়ক ভূমিকা গ্রহণ করার আহ্বান জানিয়েছেন ।

এদিকে এই ঘটনার পর পশ্চিমবঙ্গের রাজ্যপাল তি ভি আনন্দ বোস রাজ্যের সব মেডিকেল কলেজ ও হাসপাতালের সুরক্ষা ব্যবস্থা আরো সুদৃঢ় করা সহ মহিলা চিকিৎসক এবং নার্সদের নিরাপত্তা নিশ্চিত করার জন্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন   ।

---------------------------------------------------------------------------------

আসামের শিক্ষার্থীদের সর্বাঙ্গীন বিকাশ ও প্রগতির ক্ষেত্রে আরোহণ প্রকল্প ইতিবাচক পরিবর্তন আনতে সমর্থ হয়েছে বলে রাজ্যের শিক্ষামন্ত্রী রণোজ পেগু প্রকাশ করেছেন । প্রতিযোগিতার মাধ্যমে নিজেদের প্রতিষ্ঠিত করার জন্যে শিক্ষার্থীদের শুরুর থেকে নিজেদের মন স্থির করতে হবে বলে তিনি উল্লেখ করেন । উল্লেখ্য- ২০২৩-২৪ বর্ষে চার হাজার ৩২৪ জন শিক্ষার্থী এবং চার হাজার ৮১৪ জন মেন্টর আরোহণ পোর্টালের মাধ্যমে নাম অর্ন্তভুক্ত করেছে । অনুরূপভাবে ২০২৪-২৫ বর্ষে চার হাজার ২৮০ জন শিক্ষার্থী এবং এক হাজার  ৯৩৪ জন মেন্টর আরোহণ পোর্টালের মাধ্যমে নাম অর্ন্তভুক্ত করেছে ।  এই পোর্টালের মাধ্যমে অর্ন্তভুক্ত হওয়া শিক্ষার্থীদের তাদের মেন্টরগণ তাদের ঘরে বা ভার্চুয়্যাল মোডের মাধ্যমে শিক্ষার্থীদের এগিয়ে নিয়ে যাওয়ার জন্য পরামর্শ প্রদান করবেন । এছাড়াও এই প্রকল্পের অর্ন্তভুক্ত শিক্ষার্থীদের পাঠ্যপুস্তক বাবদ এক হাজার টাকা করে অ্যাকাউন্টের মাধ্যমে প্রদান করা হচ্ছে ।

---------------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ নতুন দিল্লীতে আজ অনুষ্ঠিত সরকারী ক্ষেত্রের বিভিন্ন ব্যাংকগুলির কাজের পর্যালোচনার জন্য আয়োজিত বৈঠকে পৌরহিত্য করছেন ।অর্থ বিভাগের সচিব ড: বিবেক যোশী ,  সরকারী ক্ষেত্রের ব্যাংকগুলির পরিচালক সঞ্চালক তথা মুখ্য কার্যবাহী আধিকারিক সহ অন্যান্য প্রবীন আধিকারিকরা বৈঠকে অংশ গ্রহণ করেছেন ।এই বৈঠকে শ্রীমতী সীতারমণ জমা অর্থের পরিমাণ বৃদ্ধি , ঋণ জমার অনুপাত ও সম্পত্তির মানের পর্যালোচনা করবেন ।এছাড়া শ্রীমতী সীতারমণ পি এম আবাস যোজনা , পি এম সূর্য ঘর ও পি এম বিশ্বকর্মা প্রকল্পের মতো সরকারী পদক্ষেপের অধীনে সরকারী ক্ষেত্রের ব্যাংকগুলির কাজের মূল্যায়ন করবেন । কেন্দ্রীয় সরকারের অর্থ বিভাগের দায়িত্ব গ্রহণ করার পর শ্রী মতী সীতারমণের এটি হবে সরকারী ক্ষেত্রের ব্যাংকের প্রথম পর্যালোচনা বৈঠক ।

---------------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকা সফরে এসে রাজ্যের গ্রামোন্নয়ন মন্ত্রী রঞ্জিত কুমার দাস আজ হাইলাকান্দি জেলায় উপস্থিত হয়ে বিভিন্ন সরকারী প্রকল্পগুলি পর্যবেক্ষণ করেন । শ্রী দাস লালা ও কাটলীছড়া উন্নয়ন খন্ড এলাকায় রূপায়িত  প্রধানমন্ত্রী আবাস যোজনা , অমৃত সরোবর , বিভিন্ন প্রকল্প সরজমিনে খতিয়ে দেখেন । তিনি লালা উন্নয়ন খন্ডের প্রধানমন্ত্রী আবাস যোজনার বেশ কয়েকজন হিতাধিকারীর গৃহে উপস্থিত হয়ে নির্মাণ কাজের খোজ নেন । এদিকে সাংবাদিকদের সংগে কথাবার্তার সময় শ্রী দাস জানান যে আসামে আগামী সেপ্টেম্বর মাস পর্যন্ত কেন্দ্রীয় সরকারের নির্ধারণ করে দেওয়া লক্ষ্য অনুযায়ী ২০ লক্ষ প্রধানমন্ত্রী আবাস যোজনার গৃহ নির্মানের কাজ সম্পন্ন করা হবে

।আগামী দিনগুলিতে রাজ্যের কোনো ব্যাক্তি কাচা ঘরে থাকবেনা । মন্ত্রীর সংগে হাইলাকান্দির বিধায়ক জাকির হুসেইন লস্কর , জেলা পরিষদের মূখ্য কার্যবাহী আধিকারিক রঞ্জিত লস্কর , জেলা বিজেপি সভাপতি স্বপন ভট্টাচার্য ,লালা ও কাটলীছড়ায় আয়োজিত অন্যান্য বিভিন অনুষ্ঠানে অংশ নেন ।

-----------------------------------------------------------------------------------------------

রাজ্য সরকার গৌহাটী মহানগরীর কৃত্রিম বন্যা রোধের জন্য নেদারল্যান্ডের একটি প্রতিষ্ঠানকে নালা নর্দমার কাজের দায়িত্ব অর্পন করেছে বলে গৌহাটী হাইকোর্টের প্রবীন আইনজীবি দেবজিৎ শইকীয়া জানিয়েছেন ।গৌহাটী মহানগর উন্নয়ন কতৃপক্ষ এসম্পর্কে গত মাসে টেন্ডার প্রকাশ করে বলে ও তিনি উল্লেখ করেন ।শীঘ্র বিদেশী প্রতিষ্ঠানটির সংগে সমঝোতা চুক্তি সাক্ষর হবে বলে তিনি জানান ।রাজ্য সরকার এসম্পর্কে আজ আদালতে একটি শপথনামা ও দাখিল করে ।গৌহাটী মহানগরের কৃত্রিম বন্যা সমস্যা ও আবৈধ পাহাড় খননের বিরুদ্ধে একটি বেসরকারী প্রতিষ্ঠানের উচ্চ ন্যায়লয়ে দাখিল করা জনস্বার্থজনিত আবেদনের শুনানির সময় রাজ্য সরকার এই তথ্যসমূহ প্রকাশ করে ।

-----------------------------------------------------------------------------------------------

ভাই-বোনের মধ্যের বিশেষ বন্ধনকে গৌরবময় করে তোলার পবিত্র উৎসব রাখিবন্ধন আজ সমগ্র দেশ জুড়ে পালন করা হচ্ছে। আজকের দিনে রাখি পূর্ণিমা বা ঝুলন পূর্ণিমা তিথিতে বোনেরা ভাইদের হাতে রং-বেরঙের রাখি বেঁধে ভাইয়েদের সুস্বাস্থ্য ও সম্বৃদ্ধির জন্যে প্রার্থনা করে । এর বিনিময়ে ভাইয়েরা বোনেদের সুরক্ষা ও সহযোগিতার প্রতিশ্রুতি দিয়ে তাদের উপহার প্রদান করে ।

দেশের অন্যান্য প্রান্তের সঙ্গে আসামেও আজ ভাই-বোনের এই পবিত্র বন্ধনের উৎসব রাখিবন্ধন পালন করা হচ্ছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা রাজ্যের সামাজিক ন্যায় ও সবলীকরণ বিভাগের উদ্যোগে এবং একটি স্বেচ্ছাসেবী সংগঠনের সহযোগিতায় পরিচালিত সোনাপুর সরকারী বৃদ্ধাবাসে আয়োজিত রাখিবন্ধনের কার্যসূচীতে অংশ নেন । মুখ্যমন্ত্রী একইসঙ্গে এই বৃদ্ধাবাসের আবাসিকদের সঙ্গে মত বিনিময় করেন । তিনি প্রতিমাসে স্থানীয় হাসপাতালের চিকিৎসকদের একটি দলের দ্বারা আবাসিকদের স্বাস্থ্য পরীক্ষার করানো হবে বলেও জানান । এই অনুষ্ঠানে রাজ্যের মন্ত্রী পীযূষ হাজারিকা এবং বিধায়ক অতুল বরাও উপস্থিত ছিলেন । এছাড়াও মুখ্যমন্ত্রী আজ গুয়াহাটিতে আরো একটি বৃদ্ধাবাসে রাখিবন্ধন কার্যসূচীতে অংশগ্রহণ করেন ।

বরাক উপত্যকায়ও আজ শ্রাবণ মাসের শেষের দিকে শুরু হওয়া ঝুলনযাত্রার শেষ দিনে ঝুলন পূর্ণিমার পাশাপাশি রাখিপূর্ণিমা পালন করা হচ্ছে । বরাক উপত্যকার তিন জেলা- কাছাড়, করিমগঞ্জ ও হাইলাকান্দিতে আজ তিনদিনব্যাপী ঝুলন যাত্রার শেষদিনে

রাখিপূর্ণিমা উদযাপিত হচ্ছে । বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন, দল, প্রতিষ্ঠান ইত্যাদিও নিজেদের মতো করে রাখিবন্ধনের আয়োজন করেছে । এছাড়াও ঘরে ঘরে ভাই-বোনেদের মধ্যে রাখিবন্ধন উপলক্ষে উৎসবের মেজাজ পরিলক্ষিত হয়েছে । বিশেষ করে বরাক উপত্যকার চা-জনগোষ্ঠী অধ্যুষিত এলাকায় এই উৎসবকে ঘিরে বিশেষ উৎসাহ দেখা গেছে। বেশকিছু স্থানে জনসাধারণকে একত্রিত হয়ে ছেলেমেয়ে নির্বিশেষে সবাইকে একে অন্যকে রাখি পড়াতে দেখা গেছে ।

এদিকে ঝুলন পূর্ণিমা উপলক্ষে আজ উপত্যকার বিভিন্ন মন্দিরে বিশেষ পূজার আয়োজন করা হয়েছে । শিলচর শহরের ইস্কন মন্দির, শ্যামসুন্দর আখড়া, রাধামাধব আখড়া, গোপাল জিউর আখড়া ইত্যাদি মন্দিরে ঝুলন পূর্ণিমা উপলক্ষে আজ বিশেষ পূজার আয়োজন করা হয়েছে । এছাড়া এই তিথিতে উপত্যকার পাড়ায় পাড়ায় বিশেষ করে ছোট ছোট ছেলেমেয়েরা নিজেদের ঝুলন সাজিয়ে আনন্দে মেতে উঠেছে । আবহাওয়া কিছুটা প্রতিকূল থাকলে উৎসবের আনন্দে বরাক উপত্যকায় তেমন কোনো ভাটা চোখে পড়েনি । করিমগঞ্জ ও হাইলাকান্দি জেলায়ও ঝুলন পূর্ণিমা উপলক্ষে ছোটদের মধ্যে উৎসবের পরিবেশ বিরাজ করছে ।

---

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মূর্মু রাখী বন্ধন উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জ্ঞাপন করেছেন । এক শুভেচ্ছা বার্তায় রাষ্ট্রপতি বলেন যে রাখী বন্ধন হচ্ছে ভাই বোনের মধ্যে অনন্য বন্ধনের এক উৎসব যা প্রেম ও পারস্পরিক বিশ্বাসকে শক্তিশালী করে । শ্রীমতী মুর্মু বলেন যে এই উৎসব হচ্ছে ধর্মীয় ও সাংস্কৃতিক সীমার উর্দ্ধে দেশের অনৈক্যের মধ্যে ঐক্যের প্রতীক । তিনি এই উৎসব মহিলার অধিকার সুরক্ষিত করার সংকল্পকে অধিক শক্তিশালী করে বলে উল্লেখ করেন ।

উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় সামাজিক মাধ্যমে এক বার্তায় এই উৎসব ভাই বোনের পবিত্র বন্ধনকে আরো সুদৃঢ করে একে অপরকে সমর্থনের ইংগিত দেয় বলে উল্লেখ করেন ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রাখী বন্ধন উপলক্ষে দেশবাসীর উদ্দেশ্যে সামাজিক মাধ্যমে এক বার্তায় বলেন যে এই উৎসব সকলের জীবনে সুখ সমৃদ্ধি তথা আনন্দ বয়ে নিয়ে আসে ।

আসামের রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য রাখী বন্ধন উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জ্ঞাপন করেছেন ।এক বার্তায় তিনি বলেন যে এই উৎসব সকলের জীবনে বিশেষ গুরুত্ব বহন করে নিয়ে আসা সহ জনসাধারণকে প্রেম , বিশ্বাস ও সমন্বয়ের বন্ধনে বেঁধে রাখে ।

---------------------------------------------------------------------------------

এ আই ডি ওয়াই ও , এ আই ডি এস ও , এ আই এম এস এস -এর কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে কোলকাতার আর জি কর মেডিকেল কলেজ ও হাসপাতালের মহিলা আবাসিক চিকিৎসককে নারকীয় ধর্ষন ও হত্যা কান্ডের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানিয়ে আজ বিক্ষোভ কার্য্যসূচী পালন করা হয়েছে। এই কার্য্যসূচীতে এ আই ডি এস ও-র জেলা সভাপতি স্বাগতা ভট্টাচার্য্য , জেলা সম্পাদক গৌর চন্দ্র দাস , এ আই এম এস এস-এর খাদেজা বেগম লস্কর প্রমূখ বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------------

করিমগঞ্জ পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে আজ নিউ করিমগঞ্জ অঞ্চলের একটি অটো থেকে প্রচুর পরিমান নেশা জাতীয় সামগ্রী বাজেয়াপ্ত করেছে । আমাদের করিমগঞ্জের সংবাদদাতা জানিয়েছেন যে পুলিশের এই অভিযানে ত্রিপুরার বাসিন্দা এক ব্যক্তির কাছ থেকে ৬টি প্যাকেটে থাকা ৬ কিলো পাঁচশ গ্রাম গাঁজা জব্দ করা হয়েছে । পুলিশ ধৃত ব্যাক্তিকে আটক করে ঘটনার তদন্ত শুরু করেছে ।

---------------------------------------------------------------------------------

ধলাইয়ের মাতৃভূমি কাপ প্রাইজমানি নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় এম এম আর এস এফ সি এবং ভুবনডহর এফ সি-র মধ্যে খেলা ১-১ গোলে ড্র হয়েছে । স্থানীয় বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় নতুন বাজার এফ সি, ফাওয়া এফ সি-র বিরুদ্ধে খেলবে ।

---------------------------------------------------------------------------------